

Yukkuri hanashite kudasai

দয়া করে একটু ধীরে ধীরে বলুন।



আজকের স্ক্রিপ্ট

あやか : 隣、いい?

আয়াকা Tonari, ii?

পাশে বসতে পারি?

タム : え? はい。

তাম E? Hai.

ও, হ্যাঁ

あやか : ありがとう。留学生なの?

আয়াকা Ari'gatoo. Ryuugaku'see na no?

ধন্যবাদ।

বিদেশী শিক্ষার্থী, তাই তো?

タム : すみません。よくわかりません。

তাম Sumimase'n. Yo'ku wakarimase'n.

দুঃখিত, ভালো করে বুঝতে পারিনি।

ゆっくり話してください。

Yukku'ri hana'shite kudasa'i.

দয়া করে একটু ধীর গতিতে বলুন।

あやか : あ、ごめん、ごめん。

আয়াকা A, gomen, gomen.

ওহ, দুঃখিত, মার্ফ করবেন।

あなたはりゅうがくせいですか。

Ana'ta wa ryuugaku'see de'su ka.

আপনি কি বিদেশী শিক্ষার্থী?

わたしはあやかです。

Watashi wa A'-YA-KA de'su.

আমি আয়াকা।

よろしくね。

Yoroshiku ne.

পরিচয়ে খুশি হলাম।

タム : はい。私はタムです。

তাম Hai. Watashi wa Ta'mu de'su.

হ্যাঁ।

আমি তাম।

よろしくお願ひします。

Yoroshiku onegai-shima'su.

ভালো লাগলো। আপনার সহযোগিতা কামনা করি।

শব্দার্থ

ゆっくり ধীরে ধীরে

yukku'ri

はな  
話す কথা বলা

hana'su

わたし  
আমি

watashi

# ゆっくり話してください。

Yukku<sup>1</sup>ri hana<sup>1</sup>shite kudasa<sup>1</sup>i.

দয়া করে একটু ধীরে ধীরে বলুন।

জাপানিতে অনুরোধ জানাতে ব্যবহার করুন “**[ক্রিয়াপদের তে-রূপ] + কুদাসাই**” ক্রিয়াপদের তে-রূপ হচ্ছে সেই রূপ যখন ক্রিয়ার শেষে -তে অথবা -দে থাকে। যেমন “হানাসু” বা “কথা বলা” ক্রিয়াটির তে-রূপ হচ্ছে “হানাশতে”। জাপানি ক্রিয়াপদ তিনটি গ্রুপে বিভক্ত। তাই গ্রুপ অনুযায়ী তে-রূপ গঠিত হয় ভিন্ন ভিন্ন উপায়ে (পৃষ্ঠা 150-151 দেখুন)

আসুন চর্চা করি!


すみません。もう一度言ってください。

Sumimase<sup>1</sup>n. Moo ichi-do itte kudasa<sup>1</sup>i.

あ、はい。

A, ha<sup>1</sup>i.

মাফ করবেনা দয়া করে আরেক বার বলুন।  
হ্যাঁ, নিশ্চই।



এটাও চেষ্টা করি!

すみません。～てください。

Sumimase<sup>1</sup>n. ~te kudasa<sup>1</sup>i.

মাফ করবেনা দয়া করে XXX.

① 英語で言う (→ 言って)

Eego de iu (→ itte)

ইংরেজিতে কথা বলা



② ローマ字で書く (→ 書いて)

Roomaji de ka<sup>1</sup>ku (→ ka<sup>1</sup>ite)

রোমান লিপিতে লেখা



বোনাস বাক্য

すみません。よくわかりません。

Sumimase<sup>1</sup>n. Yo<sup>1</sup>ku wakarimase<sup>1</sup>n.

মাফ করবেনা ভালো করে বুঝতে পারিনি।

কারো কথা বুঝতে অসুবিধে হলে এই বাক্যটি তাকে বলতে পারেন। কিছুটা মার্জিত ভাব আনতে “**ওয়াকারিমায়েন**” বা “বুঝতে পারছি না” কথাটির আগে জুড়ে দিন “**ইয়োকু**” অর্থাৎ “ভালো করে/ঠিকমত”।



কাইতো আপনার ভোজন বিশারদ!

## জাপানি খাবার

জনপ্রিয় জাপানি খাবারের মধ্যে আছে নিগিরিয়ুশি, যাতে একবারে মুখে দেওয়ার আকারের ভিনেগারযুক্ত ভাতের উপরে সুন্দর করে বিছানো থাকে মাছের স্লাইস, আর সুকিয়াকি, যেটি সয়া সস আর চিনি দিয়ে সিজন করা মাংস ও সবজির একটি হটপট খাবার।

নিগিরিয়ুশি



সুকিয়াকি



M. Nakamura/S. Ebisu

জাপানে ভাত হচ্ছে প্রধান খাবার। জাপানিরা ভাতের সঙ্গে মাছ, মাংস আর সবজি খান। মিসো সুপ বা অন্যান্য সুপও সচরাচর মূল খাবারের সঙ্গে খাওয়া হয়। পশ্চিমা খাবারের মধ্যে স্প্যাগেটি আর স্টু সব জায়গাতেই পাওয়া যায়।

সাধারণ খাবার



©Ken Mochizuki

উত্তর

① すみません。英語で言ってください。

Sumimase'n. Eego de itte kudasa'i.

② すみません。ローマ字で書いてください。

Sumimase'n. Roomaji de ka'ite kudasa'i.